# ফরিদপুরে পায়ুপথে বাতাস প্রবেশ করিয়ে শ্রমিক হত্যার অভিযোগ




সংগৃহীত ছবি

ফরিদপুরের বোয়ালমারীতে এক কিশোর শ্রমিকের মৃত্যু ঘিরে চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে। সহকর্মীর বিরুদ্ধে পায়ুপথে জোরপূর্বক বাতাস প্রবেশ করিয়ে হত্যার অভিযোগ উঠেছে। বুধবার সকালে ঢাকায় চিকিৎসাধীন অবস্থায় মারা যান সজিব শরীফ (১৫)।

ঘটনাটি ঘটে সোমবার (২৩ ফেব্রুয়ারি) গভীর রাতে উপজেলার সাতৈর ইউনিয়নের ডোবরা গ্রামের আকিজ-বশির জনতা জুট মিলে। সজিব পাশের দাঁদপুর ইউনিয়নের বাড়েপাড়া গ্রামের কৃষক শহিদুল শরীফের ছেলে। তিনি মিলের স্পিনিং বিভাগে হেলপার হিসেবে কর্মরত ছিলেন।

স্থানীয় সূত্রে জানা যায়, রাত প্রায় ১০টার দিকে কাজ শেষে বাড়ি ফেরার আগে মেশিন দিয়ে শরীরের পাটের আঁশ পরিষ্কার করছিলেন সজিব। এ সময় একই মিলের শ্রমিক রিহাদ শেখ (২৫) তার সঙ্গে অসদাচরণ করেন বলে অভিযোগ। পরে সজিব অচেতন হয়ে পড়লে তাকে দ্রুত ফরিদপুর মেডিকেল কলেজ হাসপাতালে নেওয়া হয়। অবস্থার অবনতি হলে ঢাকায় পাঠানো হয়। সেখানে চিকিৎসাধীন অবস্থায় তার মৃত্যু হয়।

নিহতের স্বজন নুরজাহান বেগম জানান, চিকিৎসকেরা জানিয়েছেন শরীরে অতিরিক্ত বাতাস প্রবেশের কারণে তার অন্ত্রে একাধিক ছিদ্র হয়। অস্ত্রোপচারের পরও তাকে বাঁচানো যায়নি। অভিযুক্ত রিহাদ শেখ ঘটনার পর থেকে পলাতক। বোয়ালমারী থানার এসআই মাহমুদুল হাসান জানান, ঘটনাটি তদন্তাধীন রয়েছে এবং প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা নেওয়া হচ্ছে।

LENS ASIA